গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পটুয়াখালী সদর।
www.sadar.patuakhali.gov.bd

স্মারক নম্বর- ০৫.১০.৭৮৯৫.০০২.১১.১৩৮.২২- ৭৫৭ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা , ২০১৫ এর ৩ ধারা মোতাবেক পটুয়াখালী সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়ন পরিষদসমূহের 'মহল্লাদার' এর শূন্য পদে নির্ধারিত শর্তাবলি ও শিক্ষাগত যোগ্যতা সাপেক্ষে আগ্রহী প্রার্থীকর্তৃক পটুয়াখালী জেলার উল্লেখিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | ইউনিয়নের নাম | ওয়ার্ড নম্বর | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | লোহালিয়া | ৯ নম্বর ওয়ার্ড | মহল্লাদার | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | কমলাপুর | ২, ৫, ৮ ও ৯ নম্বর ওয়ার্ড | | |
| ০৩ | জৈনকাঠী | ৩ ও ৫ নম্বর ওয়ার্ড | | |
| ০৪ | লাউকাঠী | ১, ৩, ৬, ৭ ও ৮ নম্বর ওয়ার্ড | | |
| ০৫ | মৌকরণ | ২, ৩, ৪, ৫, ৭, ৮ ও ৯ নম্বর ওয়ার্ড | | |
| ০৬ | মরিচবুনিয়া | ৯ নম্বর ওয়ার্ড | | |
| ০৭ | মাদারবুনিয়া | ৩ ও ৭ নম্বর ওয়ার্ড | | |
| ০৮ | কালিকাপুর | ০৯ নম্বর ওয়ার্ড | | |

- উল্লেখ্য, লোহালিয়া ও কমলাপুর ইউনিয়নে পূর্বে যারা ২৪ জানুযারি, ২০২২খ্রি. তারিখের ৮৯ ও ৮৭ নম্বর স্মারকের আলোকে আবেদন দাখিল করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- আবেদনের শর্তাবলী ও আবেদন ফরম http://sadar.patuakhali.gov.bd –এর নোটিশ বোর্ড,ইউনিয়ন পরিষদের ওয়েব সাইট ও নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট শাখায় পাওয়া যাবে।

আবেদনের শর্তাবলী:

১. প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পটুয়াখালী জেলার, পটুয়াখালী সদর উপজেলার উল্লেখিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. প্রার্থীর উচ্চতা (পুরুষ) সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি; বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।
(মহিলা) সর্বনিম্ন ৫ ফুট; বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
৩. আগ্রহী প্রার্থীগণকে স্পষ্টাক্ষরে লিখিত আবেদন করতে হবে।
৪. আবেদনপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে আগামী ২০.১০.২০২২ খ্রি. তারিখের মধ্যে সরকারি ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী বরাবর আবেদন পৌছাতে হবে।
৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি আবেদনের সাথে লাগাতে হবে। ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে।
৬. প্রার্থীর বয়স ২০.১০.২০২২খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। আবেদনকারীর জন্মনিবন্ধন, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগতযোগ্যতা সনদের জন্ম তারিখের সাথে হুবহু মিল থাকতে হবে।
৭. আবেদনের সাথে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর বরাবর দাখিল করতে হবে।

CS Scanned with CamScanner

৮. আবেদনের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, বিশেষ কোটার ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদপত্র, পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। পরীক্ষার দিন সকল সনদের (জাতীয় পরিচয়পত্রসহ) মূলকপি সাথে আনতে হবে।

৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৯/২২

জান্নাত আরা নাহিদ
উপজেলা নির্বাহী অফিসার
পটুয়াখালী সদর।
মোবাইল: ০১৭৩৩-৩৩৪১৪৩
e-mail: unopatuakhali@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.১০.৭৮৯৫.০০২.১১.১৩৮.২২- ৭৫৭     তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

০১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর।
০২. অফিসার-ইন-চার্জ, পটুয়াখালী সদর থানা, পটুয়াখালী।
০৩. চেয়ারম্যান, ........................................, ইউনিয়ন পরিষদ, পটুয়াখালী সদর। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন তথ্য বাতায়ন, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ন স্থান, হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।
০৪. নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
পটুয়াখালী সদর।

Scanned with CamScanner

# চাকরির আবেদন ফরম

০১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার

পটুয়াখালী সদর।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | |
| ৯. | পিতার নাম: | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মুল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর